

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৬৪

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আয়েশা (রাঃ) এর মাহাত্ম্য

আরবী

عَنْ عُرْوَةَ قَالَ كَانَ النَّاسُ يَتَحَرَّوْنَ بِهِدَايَاهُمْ يَوْمَ عَائِشَةَ قَالَتْ عَائِشَةَ فَاجْتَمَعَ صَوَاحِبِي إِلَى أُمِّ سَلَمَةَ فَقُلْنَ يَا أُمَّ سَلَمَةَ وَاللهِ إِنَّ النَّاسَ يَتَحَرَّوْنَ بِهِدَايَاهُمْ يَوْمَ عَائِشَةَ وَإِنَّا نُرِيدُ إِلَى أُمِّ سَلَمَةَ فَقُلْنَ يَا أُمَّ سَلَمَةَ وَاللهِ إِنَّ النَّاسَ يَتَحَرَّوْنَ بِهِدَايَاهُمْ يَوْمَ عَائِشَةَ وَإِنَّا نُرِيدُ الْخَيْرَ كَمَا تُرِيدُهُ عَائِشَةَ فَمُرِي رَسُوْلَ اللهِ عَلَيْ أَنْ يَأْمُرَ النَّاسَ أَنْ يُهْدُوا إِلَيْهِ حَيْثُ مَا كَانَ أَوْ حَيْثُ مَا دَارَ قَالَت فَذَكَرَت ذَلِكَ أُمُّ سَلَمَةَ لِلنَّبِي عَلَيْ قَالَت فَقَالَ يَا أُمَّ سَلَمَةَ لِلنَّبِي عَلَيْ قَالَت فَقَالَ يَا أُمَّ سَلَمَةَ لَا يَكِنْ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا أُمَّ سَلَمَةَ لَا عَيْ فَلَمَّا عَنِي فَلَمَّا عَنِي فَلَمَّا عَلَى الثَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا أُمَّ سَلَمَةَ لَا قَوْدِينِي فِي عَائِشَةَ فَإِنَّهُ وَاللهِ مَا نَزَلَ عَلَيَّ الْوَحْيُ وَأَنَا فِي لِحَافِ امْرَأَةٍ مِنْكُنَّ غَيْرِهَا تُونِي فِي عَائِشَةَ فَإِنَّهُ وَاللهِ مَا نَزَلَ عَلَيَّ الْوَحْيُ وَأَنَا فِي لِحَافِ امْرَأَةٍ مِنْكُنَّ غَيْرِهَا

বাংলা

(২৮৬৪) উরওয়াহ বলেন, যেদিন তাঁর বাড়িতে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পালা থাকত, সে দিনই বিশেষ ক'রে লোকেরা তাঁর কাছে উপহার-উপটোকন পাঠাত। সুতরাং একদিন সকল সপত্নী উম্মে সালামা (রাঃ)র বাসায় একত্রিত হয়ে বলাবলি করল, 'হে উম্মে সালামা! আল্লাহর কসম! লোকেরা তো বেছে বেছে আয়েশার দিনেই তার বাসাতেই উপহার-উপটোকন পাঠায়। অথচ আমরাও মঙ্গল চাই, যেমন আয়েশা চায়। তুমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বল, যাতে তিনি লোকেদেরকে এই আদেশ করেন যে, তিনি যেখানেই থাকেন, যেখানেই তাঁর পালা থাক, তারা যেন সেখানেই নিজেদের উপহার-উপটোকন পাঠায়।'

সুতরাং উন্মে সালামা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সে কথা বললেন। কিন্তু তিনি মুখ ফিরিয়ে নিলেন। উন্মে সালামা আবারও বললেন। কিন্তু তিনি আবারও মুখ ফিরিয়ে নিলেন। তৃতীয়বার সে কথা উল্লেখ করলে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, হে উন্মে সালামা! আয়েশার ব্যাপারে তুমি আমাকে কষ্ট দিয়ো না। যেহেতু আল্লাহর কসম! সে ছাড়া তোমাদের মধ্যে অন্য কোন স্ত্রীর লেপের ভিতর থাকা অবস্থায় আমার প্রতি অহী অবতীর্ণ হয়নি।

ফুটনোট



(বুখারী ৩৭৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=66612}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন